

# সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে জরুরি চিঠি

অনলাইন ডেক্স



সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষার  
প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন প্রকাশ করা হয়েছে। পাঁচটি  
বিষয়ে মোট ৪০০ নম্বরের পরীক্ষা হবে। পরীক্ষার সময় থাকবে ২  
ঘণ্টা ৩০ মিনিট।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (নেপ) গতকাল সোমবার  
এক চিঠিতে এসব তথ্য জানায়।

সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ চিঠি পাঠানোর নির্দেশ দেওয়া  
হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষার  
২০২৫ সালের প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন প্রকাশ করা  
হয়েছে। নতুন নিয়মাবলি সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে  
পাঠানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

এতে বলা হয়েছে, পরীক্ষা হবে পাঁচটি বিষয়ের ওপর।

এর মধ্যে তিনটি বিষয়ের প্রতিটিতে ১০০ নম্বর করে এবং দুটি

বিষয় একত্রে ৫০ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে।

৫



ভারতীয় ভিসা নিয়ে নতুন সিদ্ধান্ত, ১০ আগস্ট থেকে  
কার্যকর

এতে আরো বলা হয়েছে, বাংলা, ইংরেজি ও প্রাথমিক গণিত- এই

তিনটি বিষয়ের ওপর ১০০ নম্বর করে প্রশ্নপত্রে পরীক্ষা হবে। আর

প্রাথমিক বিজ্ঞান ও বাংলাদেশ ও বিশ্বপরিচয়- এই দুটি বিষয়ের

ওপর ৫০ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে।

পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছে ২ ঘন্টা ৩০ মিনিট।

প্রশ্নপত্রে ডোমেইনভিত্তিক জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক

এবং উচ্চতর দক্ষতাভিত্তিক প্রশ্ন অন্তর্ভুক্ত থাকবে।

